

(প্রেস বিজ্ঞপ্তি)

১১ মে ২০২৩খ্রি

চকবাজার ওয়ার্ড আওয়ামী লীগের মুক্তিযুদ্ধ বিষয়ক সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজমল হোসেনের মৃত্যুতে
চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর শোক

চকবাজার ওয়ার্ড আওয়ামী লীগের মুক্তিযুদ্ধ বিষয়ক সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজমল হোসেনের মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। এক শোক বার্তায় তিনি বলেন, আজমল হোসেন কেবল মুক্তিযুদ্ধই করেননি বরং মুক্তিযুদ্ধ পরবর্তীকালে মুক্তিযোদ্ধাদের সুসংগঠিত করার কাজে নিরলস পরিশ্রম করেছেন। পঁচাত্তরের পনেরই আগস্ট পরবর্তী কঠিন সময়ে তিনি চট্টগ্রামে আওয়ামী লীগকে সুসংগঠিত করেন। বিশেষ করে চকবাজার ওয়ার্ডে স্বাধীনতারবিরোধী অপশক্তিকে হঠিয়ে আওয়ামী লীগের রাজনীতিকে প্রতিষ্ঠা করতে যাদের আত্মত্যাগ চিরস্মরণীয় তার মধ্যে অন্যতম আজমল হোসেন। দলের চরম দুর্দিনে কর্মীদের তিনি আগলে রেখেছিলেন পরম মমতায়। চট্টগ্রামের মাটিতে বঙ্গবন্ধুর আদর্শ প্রতিষ্ঠায় আজমল হোসেনের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। মেয়র তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তুষ্ট পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। এছাড়া মেয়র পশ্চিম ষোলশহর ওয়ার্ড আওয়ামী লীগ নেতা কাজী মোহাম্মদ আলীর স্ত্রী নুর নাহার বেগমের মৃত্যুতে শোক জ্ঞাপন করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮